পুলিশের পোশাক পরা দুজনের ধাওয়ায় নদীতে ঝাঁপ দেন তাহসিফ



ছবি: সংগৃহীত

বিমানবাহিনীর সাবেক ফ্লাইট লেফটেন্যান্ট কে এম তাহসিফ সৌরির মৃত্যুর ঘটনায় নতুন তথ্য দিয়েছেন তাঁর বন্ধু শাহরিয়ার রেজা দীপ। দীপ জানান, পুলিশের পোশাক পরা দুজন তাঁদের ধাওয়া করেছিলেন। এ সময় তাহসিফ নদীতে ঝাঁপ দেন এবং তিনি পালিয়ে যান।

শুক্রবার (৩০ অক্টোবর) দুপুরে গাজীপুরের টঙ্গীর হাজীর মাজার বস্তি এলাকায় দীপকে নিয়ে অভিযান চালিয়ে একটি মোটরসাইকেল উদ্ধারের পর এসব তথ্য জানান পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) ঢাকা মেট্রো উত্তরের অতিরিক্ত ডিআইজি মো. এনায়েত হোসেন মান্নান।

তিনি বলেন, ধাওয়া দেওয়া ব্যক্তিরা আসলেই পুলিশ সদস্য কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। তারা কেন সেখানে এসেছিল, সেটিও খতিয়ে দেখা হচ্ছে। তারা মাদকাসক্ত ছিল কি না, তা ময়নাতদন্তের পর জানা যাবে। দীপ অনেক তথ্য দিলেও সবকিছু যাচাই করা হচ্ছে।

দীপের দেওয়া তথ্যের ভিত্তিতে একটি সুজুকি জিক্সার মোটরসাইকেল উদ্ধারের কথা জানিয়ে পিবিআই কর্মকর্তা বলেন, এটি তাহসিফের মোটরসাইকেল বলে ধারণা করা হচ্ছে। তবে কাগজপত্র যাচাই না করে নিশ্চিত হওয়া যাচ্ছে না।

এনায়েত হোসেন আরও বলেন, দীপ ওই এলাকায় আসা ও বিভিন্ন স্থানে যাওয়ার বিষয়ে তথ্য দিয়েছেন। তবে সেসব তথ্যও যাচাই করা হচ্ছে। তদন্তে অপরাধ বা ঘটনার সঙ্গে সংশ্লিষ্টতার প্রমাণ মিললে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

গত ২৮ অক্টোবর বিকেলে ঢাকার উত্তরখানের তুরাগ নদের রাজাঘাট এলাকা থেকে তাহসিফের মরদেহ উদ্ধার করে নৌ পুলিশ। তিনি রাজধানীর তুরাগে রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট প্রকল্পের করবী ভবনের বাসিন্দা কে এম এনায়েতুল করীম হেলালের বড় ছেলে। তিন ভাই-বোনের মধ্যে সবার বড় ছিলেন তাহসিফ সৌরি।